

অসহিষ্ণুতা
অসহিষ্ণুতা
অসহিষ্ণুতা

১৯০২ ১৯৯৯ ৬৯-৯

অসহিষ্ণুতা
অসহিষ্ণুতা (WOZA)
অসহিষ্ণুতা



এখনই পদক্ষেপ নিন

ডেপুটি কমিশনার জেনারেল (ক্রাইম)-কে
লিখুন:

- উপরে বর্ণিত মামলাগুলো সম্পর্কে বিস্তারিত উল্লেখ করে ওঝা ও মোঝা আন্দোলনকর্মীদের ঘনঘন বিধিবহির্ভূতভাবে গ্রেফতার, ভীতি প্রদর্শন, হয়রানি ও তাদের সঙ্গে দুর্ব্যবহারের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করুন।
- ওঝা ও মোঝা সদস্যদের সাংবিধানিকভাবে ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত মত প্রকাশ, সমবেত ও সংঘবদ্ধ হওয়ার যে অধিকার তা যেন তারা চর্চা করতে পারে এবং তাদের এই অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হতে তার প্রতি আহ্বান জানান।

আবেদন পাঠিয়ে দিন:

Deputy Commissioner-General (Crime)
Innocent Matibiri
Zimbabwe Republic Police
P.O. Box 8807, Causeway
Harare
Zimbabwe

ফ্যাক্স: +263 4 253 212

সম্বোধন: প্রিয় ডেপুটি কমিশনার-জেনারেল / Dear
Deputy Commissioner-General

সংহতি জানিয়ে বার্তা লিখুন:

আপনি সংহতি জানিয়ে ওঝা সদস্যদের চিঠি ও কার্ড পাঠাতে পারেন। অনুগ্রহপূর্বক নিচের ঠিকানায় পাঠান:

WOZA
PO Box FM701
Famona
Bulawayo
Zimbabwe

বার্তার উদাহরণ:

“মানবাধিকার রক্ষায় আপনাদের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের প্রতি সংহতি জানাচ্ছি---”

AMNESTY
INTERNATIONAL



Amnesty International
International Secretariat
Peter Benenson House
1 Easton Street
London WC1X 0DW
United Kingdom

সেপ্টেম্বর ২০১১
সূচি নম্বর: AFR 46/018/2011
Bengali

www.amnesty.org/individuals-at-risk

ওমেন অফ জিম্বাবুয়ে এরাইজ (WOZA)-এর জন্য এখনই পদক্ষেপ নিন



জিম্বাবুয়েতে ২০০৩ সালের ফেব্রুয়ারি থেকে নারী অধিকার সংগঠন ওমেন অফ জিম্বাবুয়ে এরাইজ (WOZA) এর সদস্যরা জিম্বাবুয়েতে সামাজিক, অর্থনৈতিক ও মানবাধিকার পরিস্থিতি নিয়ে শান্তিপূর্ণভাবে বিক্ষোভ সমাবেশে অংশ নেওয়ার কারণে বারবার গ্রেফতারের শিকার হচ্ছেন। অনেকেই বিধিবিহীনভাবে বা বিনা বিচারে গ্রেফতার হচ্ছেন এবং অবর্ণনীয় অবস্থায় তাদেরকে আটক রাখা হচ্ছে। কাউকে কাউকে শাস্তি হিসেবে খানা হাজতে রাখা হচ্ছে যেখানে তাদেরকে নির্যাতন ও অন্যান্য দুর্ব্যবহারের শিকার হতে হচ্ছে এবং তাদেরকে চিকিৎসা সুবিধা, খাদ্য ও আইনজীবীর সুবিধা দেওয়া হচ্ছে না।

জিম্বাবুয়ের বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠান জিম্বাবুয়ে ইলেকট্রিসিটি ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি (জেডইটিডিসি)-র নিগমমানের সেবা ও অতিরিক্ত বিদ্যুৎ বিলের প্রতিবাদে ওঝা (WOZA)-র সদস্যরা ১০ মে ২০১১ প্রতিবাদ সমাবেশ করাকালে দাগা পুলিশ প্রায় ৪০ জন সদস্যকে পেটায়। ওঝার প্রায় ২০০০ সদস্য প্রতিবাদস্বরূপ জেডইটিডিসি কার্যালয়ে 'হলুদ কার্ড' দেওয়ার উদ্দেশ্যে শান্তিপূর্ণভাবে পদযাত্রা শুরু করার পর দাগা পুলিশ তাদেরকে পেটাতে শুরু করে।

ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখে ওঝার সহযোগী সংগঠন মেন অফ জিম্বাবুয়ে এরাইজ (মোঝা)-র সাতজন সদস্যকে ব্লাওয়েগেতে গ্রেফতার করা হয়। তাদেরকে দুই দিন পরে পুলিশকে সম্মুখে দুইবার করে রিপোর্ট করার শর্তে জামিনে মুক্তি দেওয়ার আগে ব্লাওয়েগে-র কেন্দ্রীয় পুলিশ কার্যালয়ে নির্যাতন করা হয়। এরিমধ্যে, ১ মার্চ ব্লাওয়েগে-তে সামাজিক সমস্যা নিয়ে অনুষ্ঠিত একাধিক আলোচনা অনুষ্ঠান থেকে ১৪ জন ওঝা আন্দোলনকর্মীকে গ্রেফতার করা হয়। তাদেরকে কোন ধরনের অভিযোগ ছাড়াই ওই দিনই ছেড়ে দেওয়া হয়।

সেপ্টেম্বর ২০১০ হারারে-তে আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপন উপলক্ষ্যে পদযাত্রাকালে ৮৩ জন ওঝা ও মোঝা আন্দোলনকর্মীকে গ্রেফতার করা হয়। পূর্ববর্তী বছরগুলোতে সেন্ট ভ্যালেন্টাইন দিবস এবং আন্তর্জাতিক

নারী দিবসের অনুষ্ঠান চলাকালে নারীদেরকে গ্রেফতার করা হয়। ২০০৫ সালে জিম্বাবুয়ের সংসদ নির্বাচনের দিন পুলিশ প্রায় ২৬০ জন নারীকে গ্রেফতার করেছিল যাদের কারো কারো কোলে শিশু সন্তান ছিল। তারা শান্তিপূর্ণভাবে নির্বাচন পরবর্তী প্রার্থনা অনুষ্ঠান করছিল। তাদের কাউকে কাউকে মাটিতে শূতে বাধ্য করা হয় এবং পুলিশ কর্মকর্তারা তাদের নিতম্বে পেটায়। নারী ও শিশুদের একটি উন্মুক্ত চম্বরে রাতভর আটক রাখা হয়, সশস্ত্র পুলিশ তাদেরকে পাহারা দেয়, এবং মুক্তি পাওয়ার জন্য তাদেরকে জরিমানা দিতে হয়।

ওঝা ও মোঝার সদস্যদের সঙ্গে সরকারের আচরণ থেকে একথা সুস্পষ্ট যে জিম্বাবুয়ের সরকার সরকারি নীতিমালার সমালোচনা করে শান্তিপূর্ণভাবে আয়োজিত জনগণের বিক্ষোভ সহ্য করতে পারছে না। এছাড়াও এর মাধ্যমে আইনের বিদ্বेषপূর্ণ ব্যবহারের দিকটা ফুটে উঠে। বিশেষ করে পুলিশ কর্তৃক বিধি বিহীনভাবে নির্বিচারে গ্রেফতার ও আটক এবং বিভিন্ন ধরনের মানবাধিকার লংঘনের বিষয়গুলোকে অনুমোদনে জনশৃঙ্খলা ও নিরাপত্তা আইন এবং বিবিধ অপরাধ আইনের যৌথ ব্যবহার লক্ষ্য করা যায়।

৩-১৭ ডিসেম্বর ২০১১

অধিকারের জন্য লিখুন
অসাধারণ কিছু করুন